

# এমপিও বিল ২৭ অক্টোবরের মধ্যে অনলাইনে সাবমিট করার নির্দেশ মাউশির

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ২৬ অক্টোবর ২০২৫, ১৪:০৩



চলতি অক্টোবর মাসের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের এমপিও বিল আগামী ২৭ অক্টোবরের মধ্যে অনলাইনে সাবমিট করার নির্দেশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

রোববার (২৬ অক্টোবর) অধিদপ্তরের ইএমআইএস সেল থেকে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে এই নির্দেশনা দেওয়া হয়েছে। নির্দেশনায় বলা হয়েছে, সংশ্লিষ্ট সব শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানদের ২৭ অক্টোবরের মধ্যে অক্টোবর মাসের এমপিও বিল অনলাইনে দাখিল করতে হবে। অন্যথায় ইএফটিতে (ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার) পাঠানোর প্রক্রিয়া ব্যাহত হতে পারে বলেও সতর্ক করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে যে, এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের এমপিওর অর্থ ২০২৫ সালের জানুয়ারি থেকে ইএফটি পদ্ধতিতে দেওয়া হচ্ছে এবং আগস্ট মাস থেকে এমপিও বিল অনলাইনে দাখিলের জন্য প্রতিষ্ঠান প্রধানদের [apps.emis.gov.bd](https://apps.emis.gov.bd) লিংকে লগইন করে বিল সাবমিটের ব্যবস্থা করা হয়েছে।

প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশনা অনুযায়ী প্রত্যেক শিক্ষক-কর্মচারীর প্রাপ্য এমপিও সঠিকভাবে নির্ধারণ করে বিল সাবমিট করতে হবে। এই তথ্যের ভিত্তিতেই এমপিও ইএফটিতে পাঠানো হবে এবং কোনো ভুল তথ্যের কারণে অর্থ প্রেরিত না হলে তার দায়ভার প্রতিষ্ঠান প্রধানের ওপর বর্তাবে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, কোনো শিক্ষক-কর্মচারী মৃত্যুবরণ, পদত্যাগ, সাময়িক বরখাস্ত বা অনুপস্থিতির কারণে আংশিক বা সম্পূর্ণ বেতন কর্তনের প্রয়োজন হলে সেটিও বিল সাবমিট অপশনে উল্লেখ করতে হবে। প্রতিষ্ঠান প্রধানের সাবমিট করা তথ্যকেই চূড়ান্ত হিসেবে বিবেচনা করা হবে।